আজকের কাগজ

তারিখ 0 5 FEB 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

84

# কুমিল্লায় ১ লাখ ১২ হাজার শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত

কুমিল্লা জেলার ১২টি থানার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক স্বল্পতা, শিক্ষা উপকরণের অভাব, বিদ্যালয় ভবনের জরাজীর্ণ অবস্থা প্রভৃতির কারণে প্রাথমিক শিক্ষা দারুণভাবে ব্যাহত হচ্ছে। দারিদ্র্যতা ও অজ্ঞতার কারণে প্রায় সোয়া লাখ শিশু শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এ জেলায় ১ হাজার ৬শ' ৬টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সরকারি বিদ্যালয়ের সংখ্যা ১ হাজার ৩শ' ৩৪টি। বাকি ২শ' ৭২টি বেসরকারি বিদ্যালয়ের মধ্যে ২শ' ৩১টি রেজিস্টার্ড ও বাকিগুলোর রেজিস্ট্রেশন হয়নি। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৩শ' ২২ জন শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এ জেলায় বিদ্যালয় গমনোপযোগী (৬–১০ বছর) ছেলে-মেয়ের সংখ্যা ৬ লাখ ৬৮ হাজার ৪শ' ৯১ জন। এর মধ্যে ৫ লাখ ৫৬ হাজার ২শ' ৪ জন অধ্যয়ন করছে। বাকি ১ লাখ ১২ হাজার ২শ' ৮৭ জন শিক্ষার আলো থেকে বঞ্চিত। বিদ্যালয়ে যায় না এমন ছেলে-মেয়েদের মধ্যে অধিকাংশই দরিদ্র পরিবারের এবং এদের বেশিরভাগই স্বল্প মজুরির বিনিময়ে খেতে-খামারে শ্রম দেয়। কুমিল্লা থেকে খায়রুল আহসান মানিক।